

বঙ্গভাষা ও সাহিত্য বিভাগ
কলিকাতা বিশ্ববিদ্যালয়

গত ০৯/১১/২০২০ তারিখে বিশ্ববিদ্যালয়ের সিনেট হলে অনুষ্ঠিত ফ্যাকাল্টি কাউন্সিলের সভায় দ্বিতীয় সেমেস্টার, ২০২০-র পরীক্ষা গ্রহণ করার ক্ষেত্রে ইউ.জি.সি-র এপ্রিল, ২০২০-তে প্রেরিত নির্দেশিকাকে হুবহু গ্রহণ করার সিদ্ধান্ত হয়। ইউ.জি.সি-র নির্দেশিকা(“grading of the students could be composite of 50% marks on the basis of the pattern of internal evaluation adopted by the Universities and the remaining 50% marks can be awarded on the basis of performance in previous semester/ year only (if available). The internal evaluation can be continuous evaluation, prelims, mid-semester or internal assignments.”) কীভাবে বাস্তবায়িত করা হবে তা আলোচনার জন্য গত ১৩/১১/২০২০ তারিখে অনুষ্ঠিত স্নাতকোত্তর পাঠ-পর্ষদ(বাংলা)-এর সভায় গৃহীত সিদ্ধান্তের ভিত্তিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো হচ্ছে যে ----

- ১। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানিয়েছেন, পড়ুয়াদের বিশ্ববিদ্যালয়ে বা কলেজে না এনে অনলাইন/ ডিজিটাল মোডেই সমস্ত প্রক্রিয়া নিষ্পন্ন করতে হবে।
- ২। স্বাভাবিক সময়ের মতো এবার দ্বিতীয় সেমেস্টার, ২০২০ পরীক্ষার্থীদের প্রথাগত কোনো আবেদনপত্র পূরণ করতে হবে না।
- ৩। প্রত্যেকটি কোর্স/পত্রে দুটি ভাগে মোট ২৫ নম্বরের মূল্যায়ন করতে হবে।
- ৪। প্রত্যেকটি কোর্স/পত্রে ১০ নম্বরের একটি আভ্যন্তর মূল্যায়ন এবং ১৫ নম্বরের একটি প্রোজেক্ট-ধর্মী হোম অ্যাসাইনমেন্ট দিতে/করাতে হবে।
- ৫। ১০ নম্বরের আভ্যন্তর মূল্যায়নের জন্য প্রত্যেকটি মডিউল থেকে একটি করে ব্যাখ্যামূলক প্রশ্ন নিয়ে মোট তিনটি প্রশ্ন দেওয়া যেতে পারে। অনুরূপভাবে ১৫ নম্বরের একটি প্রোজেক্ট-ধর্মী হোম অ্যাসাইনমেন্টের জন্যও প্রত্যেকটি মডিউল থেকে একটি করে মোট তিনটি বিষয় দেওয়ার সুপারিশ করেছে স্নাতকোত্তর পাঠ-পর্ষদ(বাংলা)। পড়ুয়াদের দু'টি ক্ষেত্রেই একটি করে প্রশ্নের উত্তর দিতে/বিষয় অবলম্বনে অ্যাসাইনমেন্ট করতে হবে।
- ৬। প্রত্যেকটি কোর্স/পত্রের আভ্যন্তর মূল্যায়ন এবং প্রোজেক্ট-ধর্মী হোম অ্যাসাইনমেন্টগুলি কোর্স/পত্র ভিত্তিক আলাদা আলাদাভাবে আগামী ২৫/১১/২০২০ তারিখে পড়ুয়াদের কাছে ই-মেইল মারফত পাঠাতে হবে এবং পড়ুয়ারা আগামী ০৩/১২/২০২০ তারিখের মধ্যে পাঁচটি কোর্স/পত্রেই নির্দিষ্ট ই-মেল আই. ডি-তে কোর্স/পত্র ভিত্তিক আলাদা আলাদাভাবে জমা দেবে।
- ৭। দুই প্রকারের আভ্যন্তর মূল্যায়নের নাস্বারই নির্দিষ্ট ফর্ম্যাটে (পরে পাঠানো হবে) আগামী ১৫/১২/২০২০ তারিখের মধ্যে স্নাতকোত্তর পাঠ-পর্ষদ(বাংলা)-এর সভাপতির কাছে (mail2headbengali.cu@gmail.com) ই-মেইল করে পাঠাতে হবে।

SK Rafikul Haosen

ড. সেখ রফিকুল হোসেন ১৪/১১/২০২০

সভাপতি, স্নাতকোত্তর পাঠ-পর্ষদ(বাংলা), কলিকাতা বিশ্ববিদ্যালয়।